

নম্বর- ৮৮৮

তারিখ : ৩০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
০৩ ডিসেম্বর ২০২৪  
ত্রিষ্টান্দ

গণবিজ্ঞপ্তি

মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সংযোগ শাখার স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১২.১৮.০০৭.২২.৩০১, তারিখ : ১৬ নভেম্বর ২০২৪ খ্রি. অনুসারে এতদ্বারা গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার সর্বস্তরের জনগণকে অবগত করা যাচ্ছে যে, আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখে সারাদেশের ন্যায় কালিয়াকৈর উপজেলাতেও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক '৪র্থ অর্থনৈতিক শুমারি ২০২৪' বাস্তবায়িত হতে যাচ্ছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক নিয়োগকৃত শুমারিকর্মীগণ পরিচয়পত্র সাথে নিয়ে ডিজিটাল পদ্ধতিতে ট্যাবের মাধ্যমে উপজেলার সকল স্থায়ী/অস্থায়ী প্রতিষ্ঠান (সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত অফিস, হাটবাজার, মার্কেট/শপিং সেন্টার, দোকানপাট, ব্যাংক, শিক্ষা প্রতিষ্ঠান, কারখানা, কোম্পানি, এনজিও, ক্লাব, হল, হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার, মসজিদ/মন্দির/গির্জা/প্যাগোডা ইত্যাদি), প্রাতিষ্ঠানিক কৃষি খামার এবং কৃষি বহির্ভূত অর্থনৈতিক কর্মকাণ্ডসম্পন্ন খানায় (পরিবার) ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলি, জনবল, সম্পদ এবং মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত বিভিন্ন তথ্য সংগ্রহ করবেন। নতুন, বৈষম্যহীন বাংলাদেশের প্রেক্ষিত ও পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ইত্যাদি প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে অর্থনৈতিক ইউনিটের অবকাঠামোগত উন্নয়ন ও বিদ্যমান সমস্যা নিরূপণ করে সমাধানের মহাপরিকল্পনা গ্রহণ এবং বিজনেস রেজিস্টার প্রণয়নে এ শুমারির গুরুত্ব অপরিসীম। শুমারিতে প্রদত্ত সকল ব্যক্তিগত তথ্য গোপন রাখা হবে। পরিসংখ্যান আইন ২০১৩ ও শুমারি আইন ১৯৭২ অনুসারে, দেশের সকল খানা ও প্রতিষ্ঠানসহ যে কোনো স্থানে শুমারিকর্মীর প্রবেশাধিকার রয়েছে এবং খানায় বসবাসকারী ও প্রতিষ্ঠানে কর্মরত দায়িত্ববান সকল ব্যক্তি তথ্য প্রদানে বাধ্য। তথ্য সংগ্রহে অসহযোগিতা ও তথ্য প্রদানে অপারগতা আইনত দণ্ডনীয় অপরাধ।

এমতাবস্থায় শুমারিকর্মীদেরকে তথ্য দিয়ে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ এ তথ্য সংগ্রহ কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

*Handwritten signature*

কাউছার আহাম্মেদ  
উপজেলা নির্বাহী অফিসার  
কালিয়াকৈর, গাজীপুর  
☎ ০২৯২০২২০০৮  
✉ unokaliakair@gmail.com

অনুপস্থিত (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :-

- ১) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
- ২) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ঢাকা
- ৩) সহকারী কমিশনার (ভূমি), কালিয়াকৈর, গাজীপুর
- ৪) উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, গাজীপুর
- ৫) অফিসার ইনচার্জ, কালিয়াকৈর থানা, কালিয়াকৈর, গাজীপুর
- ৬) উপজেলা..... কর্মকর্তা (সকল), কালিয়াকৈর, গাজীপুর
- ৭) সভাপতি/সাধারণ সম্পাদক, কালিয়াকৈর প্রেসক্লাব, কালিয়াকৈর, গাজীপুর
- ৮) সভাপতি/সাধারণ সম্পাদক, বাজার/ব্যবসায়ী/বণিক সমিতি (সকল), কালিয়াকৈর, গাজীপুর
- ৯) সুশারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কালিয়াকৈর, গাজীপুর
- ১০) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার/মুহতামিম (সকল), কলেজ/স্কুল অ্যান্ড কলেজ/মাধ্যমিক/প্রাথমিক বিদ্যালয়/মাদ্রাসা, কালিয়াকৈর, গাজীপুর
- ১১) শাখা ব্যবস্থাপক (সকল), তফসিলি ব্যাংকসমূহ, কালিয়াকৈর, গাজীপুর
- ১২) ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী/তত্ত্বাবধায়ক (সকল), বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিও, কালিয়াকৈর, গাজীপুর
- ১৩) পৌর নির্বাহী কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা, কালিয়াকৈর পৌরসভা, কালিয়াকৈর, গাজীপুর
- ১৪) চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান/ইউপি প্রশাসনিক কর্মকর্তা (সকল), ..... ইউনিয়ন পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর
- ১৫) ..... কালিয়াকৈর, গাজীপুর
- ১৬) অফিস নথি/নোটিশ বোর্ড/ওয়েবপোর্টাল